দৈনিক বাংলা

তারিখ 23 JUL 1988
পৃষ্ঠা 6 কলাম 2

048

# গ্রামীণ ব্যাংক প্রাইমারী শিক্ষা বিস্তারে ব্যাপক সাড়া জাগিয়েছে

(নিজস্ব সংবাদদাতা)

রংপুর ১৯শে জুলাই।—গ্রামীণ ব্যাংকের কেন্দ্র স্কুল অজ পাড়াগাঁর শিক্ষাব্যবস্থা নতুন সম্ভাবনার দুয়ার খুলে দিচ্ছে। ইতিমধ্যেই দেশের প্রত্যন্ত এলাকার বিভিন্ন গ্রামে প্রতিষ্ঠিত কেন্দ্র স্কুলগুলো এলাকায় শিক্ষা গ্রহণের ক্ষেত্রে জনমনে সাড়া জাগিয়েছে।

গ্রামীণ ব্যাংক গরীব ও ভূমিহীন মানুষের আত্মনির্ভরশীলতার বহুমুখী প্রকল্প গ্রহণের পাশাপাশি ব্যাংকের দেশব্যাপী ছড়ানো ৪৪৪টি শাখার মাধ্যমে মোট ৪ হাজার ৪৭৭টি কেন্দ্র স্কুল প্রতিষ্ঠা করেছে। লক্ষ্যঃ ভূমিহীনদের ছেলেমেয়েদের স্কুলগামী করে তোলা।

এসব স্কুলের ছাত্র-ছাত্রীর সংখ্যা হচ্ছে মোট ১ লাখ ৩১ হাজার। এরমধ্যে আবার ছাত্রীর সংখ্যাই বেশী। ছাত্রীসংখ্যা ৯৪ হাজার এবং ছাত্রের সংখ্যা ৩৭ হাজার।

রংপুরে অবস্থিত গ্রামীন ব্যাংকের আঞ্চলিক কার্যালয়ের একজন কর্মকর্তা জানানঃ কেন্দ্র স্কুল সমাজের একটি ব্যতিক্রমধর্মী শিক্ষা প্রতিষ্ঠান। এই কেন্দ্রে যারা শিক্ষাগ্রহণ করে তারা সবাই মূলতঃ ভূমিহীন গরীব জনগোষ্ঠীর সন্তান। এসব ছেলে-মেয়ে একটু বড় হলেই তাদের নানা ধরনের শ্রমসাধ্য কাজে লাগান।

গ্রামীণ ব্যাংকের উদ্যোগে কেন্দ্র স্কুল প্রকল্প চালু হওয়ার পর গ্রামে গ্রামে এর প্রসার ঘটতে থাকে। বর্তমানে দেশের সাতটি জোনে এসব কেন্দ্র স্কুলের মধ্যে রংপুর অঞ্চলে ৯ হাজার ১৯টি চট্টগ্রামে ৪শ ৭৬টি টাঙ্গাইলে ৩৪৬টি ঢাকায় ১ হাজার ৬৭টি পটুয়াখালীতে ৮শটি সিরাজগঞ্জে ৫১টি এবং সিলেট অঞ্চলে ৮টি কেন্দ্র স্কুল আছে।

রংপুর অঞ্চলে অবস্থিত কেন্দ্র স্কুলগুলোর মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ৫১ হাজার। এরমধ্যে ছাত্রের সংখ্যা ১৫ হাজার এবং ছাত্রীর ছাত্রীর সংখ্যা ৩৬ হাজার।

গ্রামীণ ব্যাংক পরিচালিত কেন্দ্র স্কুলগুলোতে শিক্ষার পদ্ধতি ব্যতিক্রমধর্মী। এসব স্কুলে শিক্ষাদান সুষ্ঠু ও বাস্তবভিত্তিক করার জন্য সময়ে-সময়ে স্কুলগুলোর শিক্ষকদের প্রয়োজনীয় প্রশিক্ষণ সমাবেশও হয়ে থাকে। এসব সমাবেশে শিক্ষকদের অভিজ্ঞতা বিনিময় শিক্ষক ও ব্যাংক শাখা কর্তৃক গৃহীত নতুন উদ্যোগ শিশুদের উপযোগী শিক্ষা কৌশল এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে চুলচেরা আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।